



পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

দুমকি, পটুয়াখালী-৮৬০২

ফোন: ০২৪৭-৮৮৮৩৪৭১, ইমেইল: registrar@pstu.ac.bd

তারিখ: ০৫/১১/২০২২

কৃষি গুচ্ছ ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কৃষি গুচ্ছ ভর্তি পরীক্ষা ২০২১-২০২২ শিক্ষাবর্ষের আওতায় পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জন্য নির্বাচিত প্রার্থীদেরকে বিভিন্ন অনুষদে লেভেল-১ সেমিস্টার-১ শ্রেণীতে ভর্তির জন্য নিম্নলিখিত নির্দেশাবলী অনুসরণ করতে হবে।

- ভর্তির প্রাথমিক ধাপ সম্পন্ন করা সর্বশেষ অটোমাইগ্রেশনের পর পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জন্য নির্বাচিত প্রার্থীদেরকে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী সশরীরে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে উপস্থিত হয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ভর্তির সময়সূচি: ৮ নভেম্বর ২০২২ থেকে ১০ নভেম্বর ২০২২ (সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত)।
- আবাসিক হল ভর্তি ফি বাবদ প্রার্থীকে ৩১২০ (তিন হাজার একশত বিশ) টাকা ভর্তির সময় পরিশোধ করতে হবে। তবে ডিগ্রী/অনুষদে ভর্তির জন্য নতুনভাবে কোন ফি প্রদান করতে হবে না।
- ভর্তির সময় প্রার্থীদেরকে-
 - ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সঙ্গে আনতে হবে।
 - এসএসসি/সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট (নম্বরপত্র) এবং মূল সনদপত্র জমা দিতে হবে।
 - এইচএসসি/সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট (নম্বরপত্র) এবং মূল সনদপত্র/প্রশংসাপত্র জমা দিতে হবে।
 - ৪ কপি পাসপোর্ট ও ৪ কপি স্ট্যাম্প সাইজের ছবি (ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের ছবির অনুরূপ) জমা দিতে হবে।
 - যারা যে কোটায় ভর্তির জন্য নির্বাচিত হবে তাদের অবশ্যই মূল মুক্তিযোদ্ধা সনদ/উপজাতি সনদ/প্রতিবন্ধী/পোষ্য-সন্তান/হরিজন-দলিত সনদ/প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সনদ দেখাতে হবে এবং তার ফটোকপি জমা দিতে হবে। [বিঃদ্রঃ ক. মুক্তিযোদ্ধা নাতি/নাতনি দের উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার অমুক পুত্র/কন্যার সন্তান অমুক মর্মে সনদ; খ. উপজাতি কোটার প্রার্থীকে জেলা প্রশাসকের সনদ; গ. প্রতিবন্ধী প্রার্থীকে উপজেলা সমাজকল্যান কর্মকর্তার সনদ; ঘ. হরিজন-দলিত প্রার্থীদের উপজেলা নির্বাহী কর্মকর্তার সনদ প্রদান করতে হবে। (নমুনা কপি ওয়েবসাইটে পাওয়া যাবে)

৫. ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী-

- সকল ছাত্রছাত্রীকেই হল এটাচমেন্ট গ্রহণ করতে হবে। প্রাপ্যতা সাপেক্ষে মেধানুসারে ছাত্রছাত্রীদেরকে হলে সিট বরাদ্দ করা হবে।
- প্রতি সেমিস্টারের কোর্স ফি ও এনরোলমেন্ট ফি প্রদান পূর্বক এনরোল করতে হবে।
- প্রার্থী কোনরূপ ভুল বা অসঙ্গতিপূর্ণ তথ্য প্রদান করলে ভর্তি প্রক্রিয়ার যে কোন পর্যায়ে অথবা পরবর্তীতে তার ভর্তি বাতিল হবে।
- প্রকাশিত নিয়মনীতি বা পরিক্রমার বিরুদ্ধে কোন আপিল গ্রহণযোগ্য হবে না।
- ভর্তি সংক্রান্ত নীতিমালায় যে কোন পরিবর্তন, সংশোধন, সংযোজন ও বিয়োজনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ভর্তি সংক্রান্ত যাবতীয় আপডেট তথ্য বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে (<https://admission.pstu.ac.bd>) পাওয়া যাবে।

৬. ক্লাস শুরু (ওরিয়েন্টেশনসহ): ক্লাস শুরুর তারিখ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।